



सत्यमेव जयते

श्रमजीवी जनगण ও त्रिपुरा



श्रम अधिकार
कर्मबिनीयोग जनशक्ति ও পরিকল্পনা अधिकार
कारखाना ও बयलार्स संस्था
श्रम दपुतर, त्रिपुरा सरकार



শ্রম আইন বিষয়ক একদিবসীয় কর্মশালা



কারখানায় কর্মরত শ্রমিকদের সুরক্ষা সংক্রান্ত আলোচনা সভা



বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে দপ্তর কর্তৃক পরিচালিত কেরিয়ার কাউন্সেলিং এর একটি মুহূর্ত

শ্রম দপ্তর ত্রিপুরা সরকার

১) প্রাক কখন :

১৯৫১ সালে শ্রম দপ্তরের পথ চলা শুরু হয়েছিল শ্রম সংগঠন নাম দিয়ে। প্রাথমিকভাবে একজন শ্রম আধিকারিক ছিলেন শ্রম সংগঠনের দায়িত্বে। ১৯৬৫ সালে শ্রম সংগঠন শ্রম অধিকার হিসেবে উন্নীত হয়। সে সময় এর প্রধান দায়িত্বে ছিলেন একজন মুখ্য শ্রম আধিকারিক। ১৯৭৮ সালে শ্রম এবং ফ্যাক্টরিজ এ্যান্ড বয়লার্স সংগঠনের দায়িত্ব পালন শুরু করেন একজন শ্রম কমিশনার। পরবর্তীকালে ১৯৮২ সালে শ্রম অধিকার থেকে ফ্যাক্টরিজ এ্যান্ড বয়লার্স সংগঠন পৃথক করা হয় এবং তা শ্রম দপ্তরের নিয়ন্ত্রণে আনা হয়।

বিভিন্ন ক্ষেত্রে কর্মরত শ্রমিকদের অধিকার এবং প্রাপ্য সুযোগ-সুবিধাগুলি সুনিশ্চিত করার স্বার্থে প্রণীত ২৪টি শ্রম আইন রূপায়ণের দায়িত্ব পালন করছে শ্রম দপ্তর। এর পাশাপাশি রাজ্যের বিভিন্ন অংশের শ্রমিকদের আর্থ-সামাজিক সুরক্ষা প্রদানের স্বার্থে অতিরিক্ত দায়িত্ব হিসাবে বেশ কয়েকটি শ্রমিক কল্যাণমূলক প্রকল্পও রূপায়ণ করছে শ্রম দপ্তর।

২) কাজকর্ম :

প্রাথমিক যেসব দায়িত্ব পালন করছে শ্রম দপ্তর –

- শ্রমিকদের অধিকার এবং সুযোগ-সুবিধাগুলি সুনিশ্চিত করতে রাজ্য সরকারের ২৪টি শ্রম আইন ও বিধির প্রশাসনিক এবং কার্যকর পদক্ষেপ নেওয়া হচ্ছে। এগুলির মধ্যে কয়েকটি হল - রেগুলেশন অব কন্ট্রিনশন অব সার্ভিসেস, আওয়ার্স অব ওয়ার্ক, উইকলি হলিডে, পেমেন্ট অব ওয়েজেস, বোনাস, গ্র্যাচুইটি ইত্যাদি।
- আলাপ-আলোচনার মাধ্যমে শিল্পবিরোধের নিষ্পত্তি করে শিল্পে শান্তি এবং সুষ্ঠু পরিবেশ বজায় রাখা।
- নির্দিষ্ট কিছু প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীদের ন্যূনতম মজুরির হার নির্ধারণ এবং সংশোধন করা।
- শ্রমিকদের জন্য গৃহীত সামাজিক সুরক্ষা এবং কল্যাণমূলক প্রকল্পগুলি রূপায়ণ করা।
- শ্রমিক অসন্তোষ, সমস্যা সমাধানে ত্রিপাক্ষিক/দ্বিপাক্ষিক আলোচনার ব্যবস্থা করা।
- রাজ্যে শিল্প বিরোধের নিষ্পত্তি সাধনের লক্ষ্যে তদন্ত এবং সমাধানের ব্যবস্থা করা।
- রাজ্য সরকার কর্তৃক গৃহীত শ্রম আইনগুলি শিল্প প্রতিষ্ঠানে এবং অন্যান্য সংস্থাগুলিতে সঠিকভাবে রূপায়ণ করা।
- শ্রমিকদের জন্য গৃহীত বর্তমান কল্যাণমূলক প্রকল্পগুলি অব্যাহত রাখা।

৩) শ্রম আইনসমূহ ও বিধির প্রয়োগ :

শ্রম আইন মোতাবেক শ্রমিক / কর্মচারীদের অধিকার এবং প্রাপ্য সুযোগ - সুবিধাগুলি সুনিশ্চিত করতে ২৪টি শ্রম আইন ও বিধির সুষ্ঠু প্রয়োগ এবং রূপায়ণ করা শ্রম দপ্তরের প্রধান দায়িত্ব। শ্রম দপ্তরের উপর ন্যস্ত করা আইন ও বিধি এখানে উল্লেখ করা হল—



- ১) শিল্প বিরোধ আইন ১৯৪৭, শিল্প বিরোধ আইন (কেন্দ্রীয়) বিধি, ১৯৫৭,
- ২) ন্যূনতম মজুরী আইন, ১৯৪৮, ত্রিপুরা ন্যূনতম মজুরী বিধি, ১৯৫২,
- ৩) মজুরী প্রদান আইন, ১৯৩৬, ত্রিপুরা মজুরী প্রদান (পদ্ধতি) বিধি, ১৯৬০,
- ৪) বাগিচা শ্রমিক আইন, ১৯৫১, ত্রিপুরা বাগিচা শ্রমিক, বিধি ১৯৫৪,
- ৫) বোনাস প্রদান আইন, ১৯৬৫, বোনাস প্রদান (কেন্দ্রীয়) বিধি, ১৯৭৫,
- ৬) মাতৃহকালীন সুবিধা আইন, ১৯৬১, ত্রিপুরা মাতৃহকালীন সুবিধা বিধি, ১৯৭১,
- ৭) গ্র্যাচুইটি প্রদান আইন, ১৯৭২, ত্রিপুরা গ্র্যাচুইটি প্রদান বিধি, ১৯৭২,
- ৮) ঠিকা শ্রমিক (প্রয়োগ ও অবলুপ্তি) আইন, ১৯৭০, ত্রিপুরা ঠিকা শ্রমিক (প্রয়োগ ও অবলুপ্তি) বিধি, ১৯৭৮,
- ৯) মোটর পরিবহণ শ্রমিক আইন, ১৯৬১, ত্রিপুরা মোটর পরিবহণ শ্রমিক বিধি, ১৯৬২,
- ১০) ত্রিপুরা দোকান এবং প্রতিষ্ঠান আইন, ১৯৭০, ত্রিপুরা দোকান ও প্রতিষ্ঠান বিধি, ১৯৭০,
- ১১) বিড়ি এবং সিগারেট শ্রমিক (নিয়োগের শর্ত) আইন, ১৯৬৬, বিড়ি এবং সিগারেট শ্রমিক (নিয়োগের শর্ত) বিধি, ১৯৬৭,
- ১২) ট্রেড ইউনিয়ন আইন, ১৯২৬, ত্রিপুরা ট্রেড ইউনিয়ন রেগুলেশন, ১৯৫২,
- ১৩) শিশু শ্রমিক (নিরোধক ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৬, ত্রিপুরা শিশু শ্রমিক (নিরোধক ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৯৪,
- ১৪) সম মজুরী আইন, ১৯৭৬,
- ১৫) শিল্প নিয়োগ (স্থায়ী নির্দেশাবলী) আইন, ১৯৪৬, শিল্পনিয়োগ (স্থায়ী নির্দেশাবলী) বিধি, ১৯৪৬,
- ১৬) বিক্রয় সম্প্রসারণ কর্মচারী (কাজের শর্ত) আইন, ১৯৭৬,
- ১৭) ওয়ার্কিং জার্নালিস্ট (কাজের শর্ত ও বিবিধ) আইন, ১৯৫৫ ওয়ার্কিং জার্নালিস্ট (কাজের শর্ত ও বিবিধ) বিধি, ১৯৫৭,
- ১৮) আন্তঃরাজ্য অভিবাসী শ্রমিক (রেগুলেশন অব এমপ্লয়মেন্ট এবং কাজের শর্ত) আইন, ১৯৭৯, আন্তঃরাজ্য অভিবাসী শ্রমিক (রেগুলেশন অব এমপ্লয়মেন্ট এবং কাজের শর্ত) বিধি, ১৯৮০,
- ১৯) ত্রিপুরা বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ শ্রমিক (রেগুলেশন অব এমপ্লয়মেন্ট এবং কাজের শর্ত) আইন, ১৯৯৬, ত্রিপুরা বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ শ্রমিক (রেগুলেশন অব এমপ্লয়মেন্ট এবং কাজের শর্ত) বিধি, ২০০১,
- ২০) ত্রিপুরা বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ শ্রমিক কল্যাণ সেস আইন, ১৯৯৬, ত্রিপুরা বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ শ্রমিক কল্যাণ সেস বিধি, ১৯৯৮,
- ২১) অসংগঠিত শ্রমিক সামাজিক সুরক্ষা আইন, ২০০৮, ত্রিপুরা অসংগঠিত শ্রমিক সুরক্ষা বিধি, ২০১১,
- ২২) শ্রম আইন (কেন্দ্রীয় সংস্থা দ্বারা আয়-ব্যয়ের হিসাব এবং খাতাপত্র রক্ষণাবেক্ষণ থেকে ছাড়) আইন, ১৯৮৮,
- ২৩) দাস শ্রমিক প্রথা (অবলুপ্তিকরণ) আইন, ১৯৭৬,
- ২৪) এমপ্লয়জ স্টেট ইন্সুরেন্স (ই এস আই) আইন, ১৯৪৮,

৪) ন্যূনতম মজুরী নির্ধারণ সংশোধন :

২৪টি নির্দিষ্ট তালিকাভুক্ত প্রতিষ্ঠান ন্যূনতম মজুরী আইন, ১৯৪৮-এর অন্তর্ভুক্ত এবং ওইসব ক্ষেত্রে



